## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২০শে ভাদ্র বুধবার ১৩৬৮ ইংরাজী 6th Sept. 1961 | ১৭শ সংখ্যা






## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

প্রস্তুতকারক
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

### ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

### ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২০শে ভাদ্র বুধবার সন ১৩৬৮ সাল।

# দেশ মজালে তিন জনা—ভগা-রামা-চৈতনা

—০—

এক দরিদ্র ব্রাহ্মণ, তাঁর স্ত্রী-পুত্র কেহ নাই যজমানের বাড়ী পূজা-পার্ব্বণ-শ্রাদ্ধাদি কর্ম্ম করিয়া কায়ক্লেশে উদরান্নের সংস্থান করেন। কয়েকদিন উপার্জ্জন কিছু না হওয়ায় আহারাদির একটু কষ্ট হইয়াছে। ঘরে কিছু না থাকিলেও এক হাঁড়িতে দু' চার দিন যেতে পারে এমন চাল আছে। মনে মনে চিন্তা করিয়া স্থির করিলেন—পিতৃপক্ষ পড়িয়াছে গঙ্গায় স্নান তর্পণ শেষ ক'রে ভাত রেঁধে কোন রকমে তাই গলাধঃকরণ ক'রে আজকার মত দিনগত পাপক্ষয় করিবেন। এমন সময় উঠানের এক পাশে একটি বেগুন গাছের দিকে নজর পড়ায় দেখলেন একটি বেগুন আছে। ব্রাহ্মণ এবার তরকারীর দায়ে নিশ্চিন্ত হয়ে ভাবলেন—ভাত রাঁধবেন আর বেগুন পোড়া ব্যঞ্জন দিয়ে পোড়া উদরের ক্ষুন্নিবৃত্তি করবেন। একটি তামার কোশা ও কিঞ্চিৎ তিল ও যব তর্পণ করার জন্য সঙ্গে নিয়ে গঙ্গার ঘাটে গমন করলেন। স্নান শেষ করে তাম্র পাত্রটি নিবেন এমন সময় ঘাটের যেখানে কোশা রাখিয়াছিলেন; গঙ্গার সেইখানে ভাঙ্গন ধরিয়া এক প্রকাণ্ড মাটির চাপ ধ্বসিয়া তাম্রপাত্রটি গঙ্গাগর্ভে অদৃশ্য হইল। সগরকুল উদ্ধারের জন্য সূর্য্যবংশীয় ভগীরথ গঙ্গা দেবীকে মর্ত্ত্যে আনিয়াছিলেন, সুতরাং তাঁহাকেই কোশাটি নষ্ট করার জন্য দোষী সাব্যস্ত করিয়া গালাগালি আরম্ভ করিলেন—বেটা ভগীরথ! তোর সগরকুল উদ্ধারের জন্য গঙ্গা আনার দরকার হয়েছিল। গঙ্গা আনলি, সগরকুল উদ্ধার করলি, কাজ হয়ে গেল, যেখানকার গঙ্গা সেখানে রেখে আয়! তা না ক'রে গঙ্গাকে লাগিয়ে দিলে গৃহস্থের পেছনে। কার জমি ভাঙছে, কার বাড়ী ভাঙছে, আমি গরীব ব্রাহ্মণ ওই হারামজাদার জন্য গেল আমার হাতের হাতিয়ার কোশা। এখন পূজা পার্ব্বণ কিসে করবো! নষ্টের মূল ওই ভগা বেটা! ব্রাহ্মণ করপাত্রেই শুধু গঙ্গাজলেই তর্পণ শেষ করে বাড়ীতে ফিরলেন। ভগীরথের চৌদ্দ পুরুষ উদ্ধার করতে করতে কতকগুলি তালের বেগো উনন ধরার জন্য রন্ধনশালায় জমা করলেন। এইবার বেগুনটি আনার জন্য যেই উঠোনে নেমেছেন, চালের উপর এক হনুমান বসেছিল সে এক লাফে বেগুনটি নিয়ে যার বেগুন তার চালে বসে তাকেই দন্ত বিকাশ ক'রে যেন ব্যঙ্গ করতে করতে সেটি ভক্ষণ করিয়া অন্য শিকার অন্বেষণে স্থানান্তরে গমন করিল।

স্নানে গিয়া ব্রাহ্মণ সূর্য্যবংশ জাত ভগীরথের অত্যাচারে উৎপীড়িত হ'য়ে তার কিছু প্রতিকার করতে না পেরে তার চৌদ্দ পুরুষ উদ্ধার করেছেন গালাগালি দিয়ে। হনুমানও সূর্য্যবংশধর রামচন্দ্রের আনীত। ব্রাহ্মণের যদি সে ক্ষমতা থাকতো তবে আজ সূর্য্যবংশের দফা শেষ করতেন। বলতে আরম্ভ করলেন—বেটা রামা রাবণ তোর বউ চুরি করলে, সীতা উদ্ধারের জন্য হনু বাঁদরের খোসামোদ করলি। বাঁদরের মিতা হলি। তোর সীতা উদ্ধার হলো যেখানকার হনু বাঁদর সেখানে রেখে আয়। দিলে ব্যাটা সবকে গেরস্তের পেছনে ছেড়ে। যেমন বেটা ভগা, তেমনি ব্যাটা রামা। বেগুনটা পুড়িয়ে পিণ্ডি গিলবো মনে করেছিলাম। বরাতে নাই কি করবো। ব্যাটারা আবার অবতার।

এইবারে ব্রাহ্মণ চকমকি ঠুঁকে তালের বেগোতে আগুন ধরিয়ে ফুঁ দিচ্ছেন এমন সময়ে এক বৈষ্ণব বাবাজী পায়ে নূপুর লাগিয়ে হাতে একতারা নিয়ে দরজায় এসে নেচে নেচে গান ধরলে—

গৌর কিছু দাও হে পুঁজি,
এ ভবে দোকান করি।
গৌর কিছু দাও হে পুঁজি।
তোমার পুঁজি পেলে পরে,
মাল আনিব সস্তা দরে,
ধার বাকিতে দিব ছেড়ে
যা করে গৌর হরি।
গৌর কিছু দাও হে—

ব্রাহ্মণ ভগীরথকে আর রামকে শুধু গালাগাল দিয়েই ছেড়েছেন। ভগীরথের আনা গঙ্গা বা রামের আনা হনুমানের কিছু করতে পারেন নি।

রান্নাঘরে বসে স্বগত বলতে লাগলেন আর এক অবতারের লীলা দেখ—বেটা চৈতনা—বাপু বৈষ্ণব তৈরী করলি বেশ করলি, খেটে খুটে খেতে বল্ তা না ক'রে দিলে বৈরাগীর ঝাঁক ছেড়ে এই গরীব গেরস্তদের পেছনে। ফুঁ দিয়ে ফুঁ দিয়ে উনন ধরালাম। হাঁড়িতে চাল দিব এমন সময়ে বেটা নেচে নেচে উত্যক্ত করতে এলো—গৌর কিছু দাও হে পুঁজি—গৌর যদি পুঁজি দিবে তু বেটা আমাদের পেছনে লাগলি কেন? এইবার সেই জ্বলন্ত তালের বাগড়ো নিয়ে ছুটলো বাবাজীর পেছনে। বাবাজী নূপুর পায়ে দিয়ে ঝন্ ঝন্ শব্দ ক'রে ছুটছে। নূপুরের আওয়াজ আন্দাজ ক'রে তাড়া করছে। ব্রাহ্মণ চোকে ভাল দেখে না। লোকে বাবাজীকে হুঁসিয়ার করে দিচ্ছে—তুমি নূপুর খুলে ছুটে যাও। ও দেখতে পায় না। ঝন্‌ঝনি আওয়াজ শুনে তোমার পেছুন নিচ্ছে। ব্রাহ্মণ বলছেন—গঙ্গার কিছু করতে পারিনি হনুমান বেটার কিছু করতে পারিনি। তু বেটা কতদূর যাবি চল্ তোকে ছাড়বো না। ব্রাহ্মণ শেষকালে বাবাজীর চুল ধ'রে ঘা কতক মেরে গঙ্গা, হনুমান আর তার উপরের রাগ ঠাণ্ডা ক'রে ঘেমে বাড়ী গেল তখন উনন নিবিয়ে গেছে। ব্রাহ্মণের খাওয়া হবে না বলে এক প্রতিবেশী দৈ, চিড়ে, চিনি দিলে। তাই খেয়ে তিনি প্রকৃতিস্থ হ'য়ে বল্লেন—

দেশ মজালে তিনজনা
ভগা রামা চৈতনা।

## বিশেষ রবীন্দ্র পুরস্কার

রবীন্দ্রনাথ ঠাকুরের শতবর্ষ পূর্তি উপলক্ষে সাহিত্য আকাদেমীর কার্য নির্ব্বাহক কমিটি যে লেখক অথবা গবেষকের প্রকাশিত প্রবন্ধাদিতে রবীন্দ্রনাথের জীবনযাত্রা ও কার্যাদি সর্ব্বাধিক ভালভাবে প্রতিভাত হইবে তাহাকে নগদ ১০ হাজার টাকা পুরস্কার দিবেন। সাহিত্য আকাদেমী কর্ত্তৃক অনুমোদিত ১৬টি ভাষার মধ্যে যে কোনও ভাষায় উহা লেখা চলিবে। প্রেঃ ইঃ ব্যুঃ

## কৃতী ছাত্র

আমরা আনন্দের সহিত জানাইতেছি জঙ্গিপুর মহকুমাস্থ বৈদড়া গ্রামের শ্রীমান্ ব্রজেশ্বর চক্রবর্ত্তী গত বি. এ. পরীক্ষায় প্রেসিডেন্সী কলেজ হইতে পরিসংখ্যান অনার্সে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বি. এ. পরীক্ষার্থীদের মধ্যে একমাত্র প্রথম শ্রেণীর অনার্স লাভ করিয়াছেন। ইনি বহরমপুর খাগড়া বয়েজ হাই স্কুল হইতে স্কুল ফাইনাল এবং প্রেসিডেন্সী কলেজ হইতে আই-এ পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ হন। ইনি বহরমপুর জজ কোর্টের অবসরপ্রাপ্ত উকীল ও মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার অন্তর্গত বৈদড়া গ্রামের প্রাক্তন জমিদার শ্রীকমলাপতি চক্রবর্ত্তী মহাশয়ের পুত্র এবং ৬১-এ বাগবাজার ষ্ট্রীটস্থ শ্রী কে. চক্রবর্ত্তী চার্টার্ড একাউন্ট্যান্টের ভ্রাতা। কলিকাতার "যুগান্তর" পত্রে প্রকাশিত কৃতী ছাত্রগণের মধ্যে ইহার ছবিও প্রকাশিত হইয়াছে। আমরা শ্রীমানের উত্তরোত্তর যশপ্রাপ্তিসহ দীর্ঘায়ু কামনা করি।

---

## সময় বৃদ্ধি

জেলা প্রচার অফিস হইতে প্রচারিত এক সংবাদে প্রকাশ যে, বিধানসভা নির্বাচন ক্ষেত্রের ১৯৬১ সালের যে খসড়া নির্বাচক তালিকা সমূহ ১৯৬১ সালের ১লা আগষ্ট প্রকাশিত হইয়াছে সেই ক্ষেত্রে নির্বাচক তালিকায় নাম অন্তর্ভুক্তির আবেদন বা তালিকার বর্ত্তমান কোন এণ্ট্রি সম্পর্কে কোন আপত্তি পেশ করিবার জন্য যে শেষ তারিখ ৩১. ৮. ৬১ ধার্য্য ছিল, তাহা ইলেকসন কমিসনারের এক আদেশ বলে আগামী ১৫-৯-৬১ তারিখ পর্য্যন্ত বর্দ্ধিত করা হইয়াছে।

---

## শ্রীনেহরু রাশিয়ায় আমন্ত্রিত

গত বৎসর ভারত সফরকালে রুশ প্রধান মন্ত্রী শ্রীনিকিতা ক্রুশ্চেভ ভারতের প্রধানমন্ত্রী শ্রীনেহরুকে তাঁহাদের দেশ পরিদর্শনের আমন্ত্রণ জানান। ঐ আমন্ত্রণ অনুযায়ী শ্রীনেহরু আগামী ৬ই সেপ্টেম্বর তারিখে মস্কো পৌঁছিবেন। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## ফরাক্কা বাঁধ কি For (ফর্) অক্কা (মৃত্যু)?

—০—

নদী-বিশেষজ্ঞ ইঞ্জিনিয়ার শ্রীকপিল ভট্টাচার্য্য রবিবার কলিকাতায় এক সাংবাদিক সম্মেলনে দৃঢ়তার সঙ্গে ঘোষণা করেন যে, কলিকাতা বন্দরকে রক্ষা এবং হুগলী নদীর জলের লবণাক্ততা হ্রাসের প্রকৃষ্ট উপায় হইল—রূপনারায়ণ ও হুগলী ভাগীরথী নদীর সংস্কার সাধন করা; ফরাক্কার বাঁধের দ্বারা এই সমস্যার সমাধান তো হইবেই না, বরং উহাতে অবস্থার আরও অবনতি ঘটিবে এবং কালে কালে হুগলীর কলিকাতা বন্দরের অংশ পশ্চিম কলিকাতার একটি লবণাক্ত জলায় পরিণত হইবে। শ্রী ভট্টাচার্য্যের মতে ফরাক্কার বাঁধ হইলে ভাগীরথী, জলঙ্গী প্রভৃতি নদীগুলি ভবিষ্যতে মজিয়া যাইতে বাধ্য। ভট্টাচার্য্যের মতে রূপনারায়ণের মোহানা ড্রেজিং করিয়া গভীর না করিতে পারিলে কেবল ভাগীরথীর সংস্কারে কোন কাজ হইবে না। ফরাক্কা বাঁধ না করিয়া ভাগীরথীর উৎপত্তি স্থলে পদ্মাকে নিয়ন্ত্রিত করা আবশ্যক। ভাগীরথীর মুখ খোলা থাকিলে হুগলী নদীর সকল সমস্যার সমাধান হইবে।

---

## প্রাপ্ত

(মতামতের জন্য সম্পাদক দায়ী নহেন)

### মণিগ্রাম অঞ্চলের সরকারী খয়রাতী সার বিলির নমুনা

সাগরদীঘি বি, ডি, ও, অফিসের কৃষিশাখা বিভাগ এবৎসর কয়েক বস্তা সার বিনামূল্যে বিতরণ করিবার জন্য মণিগ্রাম অঞ্চলের গ্রাম-সেবককে দেন। তন্মধ্যে দেখা যায় খেরুর মৌজায় ভূমিহীন ব্যক্তি শ্রীপাঁচকড়ি দাসকে এবৎসর ১ বস্তা মিশ্রসার বিনামূল্যে দেওয়া হইয়াছে। অঞ্চলের এসেসমেণ্ট তালিকায় খেরুর মৌজায় ১০২নং করদাতার মন্তব্য ঘরে অঞ্চল প্রধান উহার খেরুর মৌজায় জমি নাই বলিয়া মন্তব্য করিয়াছেন। অঞ্চল প্রধানের মন্তব্য থাকা স্বত্বেও তিনি সার কিভাবে পাইলেন তাহার তদন্ত একান্ত আবশ্যক।

৫।৯।৬১ শ্রী..................

---

## নোটীশ

### মোং জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

মোঃ নং ৪৯/৬১ মনি

বাদী—

ডাংরাইল যুবক সংঘের
সদস্যগণ পক্ষে
বটকৃষ্ণ সাহানা দিং

বিবাদী—

নুরমহম্মদ সেখ

Synopsis of the plaint

"থানা সাগরদীঘির অধীন ডাংরাইল গ্রামের ডাংরাইল যুবক সংঘের সদস্যগণ পক্ষে বটকৃষ্ণ সাহানা, হরিহর সাহানা, ইয়াকুব সেখ ও মণীন্দ্রনাথ রায় বিবাদী নুরমহম্মদ সেখের বিরুদ্ধে ১৩৬৫ ও ১৩৬৬ সালে সংঘের তহবিল হইতে ৩/০ মণ হিসাবে ৬/০ মণ ধান্য হাওলাত লওয়া ও উক্ত ধান্য বা তন্মূল্য পরিশোধ না করা উল্লেখে ১০৫৲ টাকার দাবীতে দেওয়ানী কার্য্যবিধি আইনের অর্ডার ১ রুল ৮ মতে এক মোকদ্দমা দায়ের করিয়াছেন। সংঘের সদস্যগণের যে কেহ ইচ্ছা করিলে উক্ত মোকদ্দমায় এই নোটীশ প্রাপ্তির ১৫ দিন মধ্যে পক্ষভুক্ত হইতে পারেন।"

By Order of the Court
B. B. Ghosh,
Sheristadar,
2nd. Munsif's Court
Jangipur, 2. 9. 61

---

## রাস্তায় নোংরা জল

রঘুনাথগঞ্জ চাউলপটীর সদর রাস্তায় শ্রীবিশ্বেশ্বর দত্ত, শ্রীইমাজুদ্দিন সেখ ও শ্রীসুধীরকুমার সেনের আড়তের সম্মুখে পীচ রাস্তার পার্শ্বে ২০।২২ হাত স্থানে নালা হওয়ায় বৃষ্টির জল জমিতেছে। মোটর গাড়ী যাতায়াত করিলে ঐ নালার নোংরা কাদা জল পীচ রাস্তায় ছড়াইয়া পড়িতেছে। মিউনিসিপ্যালিটীর হেড ক্লার্ক বাবু ইহা স্বচক্ষে দেখিয়াছেন। এ বিষয়ে প্রতিকার আবশ্যক।




# সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নুতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

সাধনা ঔষধালয়ের প্রস্তুত আদর্শ দাঁতের মাজন সাধনা দশন এবং অন্যান্য ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।

রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার [illegible]

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]

সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible] ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১.১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—**ডাঃ ভি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

## জঙ্গিপুর সংবাদের
## ক্রোড়পত্র

২০শে ভাদ্র, ১৩৬৮ সাল
ইংরাজী ৬ই সেপ্টেম্বর, ১৯৬১


### কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যের পরলোকগমন

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য ডাঃ সুবোধ মিত্র গত ৪ঠা সেপ্টেম্বর সোমবার রাত্রে ভিয়েনায় পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৬৫ বৎসর হইয়াছিল। তিনি ক্যান্সার ও স্ত্রীরোগে খ্যাতিসম্পন্ন বিশেষজ্ঞ ছিলেন। তাঁহার অভাব পূরণ হইবার নহে।

---

### সন্তরণ প্রতিযোগিতা

আগামী ১০ই সেপ্টেম্বর রবিবার রঘুনাথগঞ্জ সেবা-শিবির ব্যায়ামাগারের পরিচালনায় ভাগীরথী বক্ষে সন্তরণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হইবে।

---

### অগ্নিফৌজের প্রতিষ্ঠা দিবস

রঘুনাথগঞ্জ হরিদাসনগর অগ্নিফৌজের তৃতীয় বার্ষিক প্রতিষ্ঠা দিবস উপলক্ষে যুবক সংঘের সম্মিলিত চেষ্টায় শোভাযাত্রা, বিচিত্রানুষ্ঠান ও ব্যায়াম প্রদর্শনী হইয়া গিয়াছে। বিচিত্রানুষ্ঠান ও ব্যায়াম প্রদর্শনী দেখিবার জন্য বহু বালকবালিকা ও নরনারী সমবেত হইয়াছিলেন।

---

### আন্তর্বিশ্ববিদ্যালয় যুব সম্মেলন

বর্তমান বৎসরের ২৫শে হইতে ৩১শে অক্টোবর পর্য্যন্ত দিল্লীতে সপ্তম আন্তবিশ্ববিদ্যালয় যুব সম্মেলন হইবে। উহাতে অংশ গ্রহণের জন্য দেশের সকল বিশ্ববিদ্যালয়কে আমন্ত্রণ জানান হইয়াছে। আলোচ্য সম্মেলনে চলতি গুরুত্বপূর্ণ বিষয়ে তাৎপর্যপূর্ণ আলোচনা হইবে এবং ভাবগত ঐক্য সাধন, বিভেদমূলক কার্যাদি পরিহার ও বৈচিত্র্যের মধ্যে একতা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হইবে। প্রেঃ ইঃ ব্যুঃ

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১১ই সেপ্টেম্বর ১৯৬১

১৯৬০ সালের ডিক্রীজারী

৬৬ খাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং আবদুল সাত্তার বিশ্বাস দাবি ২৩ টাকা ১৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে লক্ষ্মীজোলা ৪৩ শতক জমি আঃ ১৩০৲ রায়তী স্থিতিবান স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৮ই সেপ্টেম্বর ১৯৬১

১৯৬০ সালের ডিক্রীজারী

১৭ খাং ডিঃ সেবাইত মহান্ত গোবিন্দদাস আচারী দেং হাজি নিকড়ি মণ্ডল দাবি ২১ টাকা ৭২ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে জাগলাই ২০ শতকের কাত ৫৶৬ জমার অন্তর্গত আঃ ৪২৫৲ খং ২৭৪ রায়তী স্থিতিবান স্বত্ব

২০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩ টাকা ৩ নঃ পঃ মৌজাদি ঐ ৮৩ শতকের কাত ৫॥৶৬ জমার অন্তর্গত আঃ ৭০০৲ খং ৬৬৫ ঐ স্বত্ব

৩৮ খাং ডিঃ ঐ দেং অহিভূষণ মণ্ডল দিং দাবি ১৯ টাকা ৭৮ নঃ পঃ মৌজাদি ঐ ৪৮ শতকের কাত ২৸/৯ আঃ ১৫০ খং ৪৮১ ঐ স্বত্ব

৫০ খাং ডিঃ ঐ দেং অনাদিকান্ত মণ্ডল দাবি ১৮ টাকা ৭৮ নঃ পঃ মৌজাদি ঐ ১-১৬ শতকের কাত ২॥৶৮ আঃ ৩৫০৲ খং ৬৮২ ঐ স্বত্ব

৫১ খাং ডিঃ ঐ দেং নাদের সেখ দিং দাবি ২৪ টাকা ২৩ নঃ পঃ থানা ঐ মৌজে বেলাইপাড়া ৩০ শতকের কাত ৮॥৶৩ জমার অন্তর্গত আঃ ৪৫০৲ খং ৭৫ ঐ স্বত্ব

৬০ খাং ডিঃ কমলারঞ্জন ধর দেং কদেবানু বিবি দিং দাবি ২৬ টাকা ১২ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ২-৭৯ শতকের কাত ৯৶৯ পাই আঃ ৮২৫ খং ৯৫৬ রায়তী স্থিতিবান স্বত্ব

৬১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭ টাকা ৪৩ নঃ পঃ মৌজাদি ঐ ১-৯৪ শতকের কাত ৮৻৩ পাই আঃ ৬০০৲ খং ৯৫৭ ঐ স্বত্ব

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

CENTRE FOR STUDIES IN SOCIAL SCIENCES, CALCUTTA